# বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮

সূচী

**ধারাসমূহ**

১। সংক্ষিপ্ত শিরোনামা
২। সংজ্ঞা
৩। ফাউন্ডেশন স্থাপন
৪। ফাউন্ডেশনের প্রধান কার্যালয়
৫। ফাউন্ডেশন পরিচালনা
৬। পরিচালনা বোর্ড
৭। ফাউন্ডেশনের কার্যাবলী
৮। বোর্ডের সভা
৯। ফাউন্ডেশনের তহবিল
১০। পরিচালক
১১। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ
১২। বার্ষিক বাজেট বিবরণী
১৩। হিসাবরক্ষণ ও নিরীক্ষা
১৪। প্রতিবেদন
১৫। ক্ষমতা অর্পণ
১৬। বিধি প্রণয়নের ক্ষমতা
১৭। প্রবিধান প্রণয়নের ক্ষমতা
১৮। Bangladesh Folk Arts and Crafts Foundation এর বিলোপ, ইত্যাদি

---

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

# বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮

## ১৯৯৮ সনের ৮ নং আইন

[৬ মে, ১৯৯৮]

**বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন স্থাপনকল্পে প্রণীত আইন।**

যেহেতু বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন নামে একটি ফাউন্ডেশন স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১। এই আইন বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "ফাউন্ডেশন" অর্থ এই আইনের অধীন স্থাপিত লোক ও কারুশিল্প ফাউন্ডেশন;

(খ) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(গ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঘ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঙ) " বোর্ড" অর্থ ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড;

(চ) "পরিচালক" অর্থ ফাউন্ডেশনের পরিচালক;

(ছ) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য।

**ফাউন্ডেশন স্থাপন**

৩। (১) এই আইন বলবৎ হইবার পর, যতশীঘ্র সম্ভব সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বিধান অনুযায়ী লোক ও কারুশিল্প ফাউন্ডেশন নামে একটি ফাউন্ডেশন স্থাপন করিবে।

(২) ফাউন্ডেশন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে, এবং এই আইনে ও বিধি সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

**৪।** ফাউন্ডেশনের প্রধান কার্যালয় নারায়াণগঞ্জ জেলার অন্তর্গত সোনারগাঁও এ থাকিবে এবং ইহা প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, যে কোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে। **ফাউন্ডেশনের প্রধান কার্যালয়**

**৫।** ফাউন্ডেশন পরিচালনা ও ইহার প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ফাউন্ডেশন যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে। **ফাউন্ডেশন পরিচালনা**

**৬।** পরিচালনা বোর্ড নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:- **পরিচালনা বোর্ড**

(ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সরকার কর্তৃক মনোনীত জাতীয় সংসদের তিনজন সদস্য;

(গ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সচিব;

(ঘ) অর্থ বিভাগ কর্তৃক উক্ত বিভাগ হইতে মনোনীত অন্যূন যুগ্ম-সচিবের পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঙ) জাতীয় যাদুঘরের মহা-পরিচালক, পদাধিকারবলে;

(চ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থার চেয়ারম্যান, পদাধিকারবলে;

(ছ) বাংলা একাডেমীর মহা-পরিচালক, পদাধিকারবলে;

(জ) পর্যটন কর্পোরেশনের চেয়ারম্যান, পদাধিকারবলে;

(ঝ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগের সংশ্লিষ্ট উপ-সচিব;

(ঞ) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ, পদাধিকারবলে;

(ট) সরকার কর্তৃক মনোনীত লোক ও কারুশিল্প উন্নয়নে উৎসাহী তিনজন ব্যক্তি;

(ঠ) চারুকলা ইন্সটিটিউটের পরিচালক, পদাধিকারবলে;

(ড) লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালক, যিনি উহার সচিবও হইবেন।

**৭।** ফাউন্ডেশনের কার্যাবলী হইবে নিম্নরূপ যথা:- **ফাউন্ডেশনের কার্যাবলী**

(ক) ঐতিহাসিক লোক ও কারুশিল্পের সংরক্ষণ করা;

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(খ) কারুশিল্প বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা;

(গ) দেশের বিভিন্ন অঞ্চলে লোকশিল্প যাদুঘর প্রতিষ্ঠা করা;

(ঘ) নারায়ণগঞ্জ জেলার অন্তর্গত সোনারগাঁও এ একটি শিল্পগ্রাম প্রতিষ্ঠা করা;

(ঙ) লোক ও কারুশিল্প বিষয়ে গবেষণার ব্যবস্থা করা এবং গবেষণালব্ধ তত্ত্ব ও তথ্যাদির প্রকাশনার ব্যবস্থা করা;

(চ) লোক ও কারুশিল্পের নিদর্শনাদির সংরক্ষণ এবং ঐতিহ্যবাহী লোক ও কারুশিল্পের উৎসাহ প্রদান;

(ছ) লোক ও কারুশিল্প উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

(জ) লোক ও কারুশিল্পের গবেষণায় নিয়োজিত যে কোন ব্যক্তি বা সংস্থাকে সাহায্য ও সহযোগিতা করা;

(ঝ) লোক ও কারুশিল্প উন্নয়ন নীতি প্রণয়নে সরকারকে সাহায্য করা এবং তৎসম্পর্কিত যে কোন বিষয়ে সরকার, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য কোন প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান;

(ঞ) সরকারের পূর্বানুমোদনক্রমে, বিদেশী ও আন্তর্জাতিক লোক ও কারুশিল্প প্রতিষ্ঠানের সহিত একই বিষয়ে যৌথ কর্মসূচী গ্রহণ করা;

(ট) উপরিউল্লিখিত কার্যাদির সম্পূরক ও প্রাসংগিক অন্যান্য কার্য করা।

**বোর্ডের সভা**

**৮।** (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ডের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি তিন মাসে বোর্ডের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে চেয়ারম্যান কর্তৃক সদস্যদের মধ্য হইতে মনোনীত কোন সংসদ সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) বোর্ডের মোট সদস্যের এক চতুর্থাংশের উপস্থিতিতে উহার সভার কোরাম গঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(৫) উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে বোর্ডের সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) শুধুমাত্র কোন সদস্যপদে শূন্যতার কারণে ফাউন্ডেশনের কার্যধারা অবৈধ হইবে না।

**ফাউন্ডেশনের তহবিল**

**৯।** (১) ফাউন্ডেশনের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা:-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;

(খ) কোন স্থানীয় কর্তৃপক্ষের অনুদান;

(গ) সরকারের পূর্বানুমোদনক্রমে কোন বিদেশী সরকার বা সংস্থা বা কোন আন্তর্জাতিক সংস্থা হইতে প্রাপ্ত সাহায্য বা মঞ্জুরী;

(ঘ) ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত বই, পত্র-পত্রিকা ও অন্যান্য সম্পত্তি বিক্রয়লব্ধ অর্থ;

(ঙ) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) এই তহবিল ফাউন্ডেশনের নামে কোন তফসিলী ব্যাংকে জমা রাখা হইবে এবং বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এই তহবিল হইতে অর্থ উঠানো যাইবে।

(৩) এই তহবিল হইতে ফাউন্ডেশনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

(৪) ফাউন্ডেশন এই তহবিল সরকার কর্তৃক অনুমোদিত খাতে বিনিয়োগ করিতে পারিবে।

**পরিচালক**

**১০।** (১) ফাউন্ডেশনের একজন পরিচালক থাকিবে।

(২) পরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহার চাকুরির শর্তাদি সরকার কর্তৃক স্থিরকৃত হইবে।

(৩) পরিচালকের পদ শূন্য হইলে, কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে পরিচালক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নবনিযুক্ত পরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা পরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কোন ব্যক্তি পরিচালকরূপে দায়িত্ব পালন করিবে।

Copyright © Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

(৪) পরিচালক ফাউন্ডেশনের সার্বক্ষণিক মূখ্য নির্বাহী কর্মকর্তা হইবেন, এবং তিনি-

(ক) বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন;

(খ) বোর্ডের নির্দেশ মোতাবেক ফাউন্ডেশনের অন্যান্য কার্য সম্পাদন করিবেন।

কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ

**১১**। ফাউন্ডেশন উহার দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য প্রয়োজনীয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাহাদের চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

বার্ষিক বাজেট বিবরণী

**১২**। ফাউন্ডেশন প্রতি বৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী বৎসরের বার্ষিক বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে ফাউন্ডেশনের কি পরিমাণ অর্থের প্রয়োজন উহার উল্লেখ থাকিবে।

হিসাবরক্ষণ ও নিরীক্ষা

**১৩**। (১) ফাউন্ডেশন যথাযথভাবে উহার হিসাবরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর ফাউন্ডেশনের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও ফাউন্ডেশনের নিকট প্রেরণ করিবেন।

(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব-নিরীক্ষক কিংবা তাঁহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ফাউন্ডেশনের সকল রেকর্ড, দলিল দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং ফাউন্ডেশনের যে কোন সদস্য, কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

প্রতিবেদন

**১৪**। (১) প্রতি আর্থিক বৎসর শেষ হইবার সংগে সংগে ফাউন্ডেশন উক্ত বৎসরে সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার প্রয়োজনমত ফাউন্ডেশনের নিকট হইতে যে কোন সময় উহার যে কোন বিষয়ের উপর প্রতিবেদন বা বিবরণী আহ্বান করিতে পারিবে এবং ফাউন্ডেশন উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

ক্ষমতা অর্পণ

**১৫**। বোর্ড উহার যে কোন ক্ষমতা বা দায়িত্ব সুনির্দিষ্ট শর্তে চেয়ারম্যান বা অন্য কোন সদস্য বা পরিচালক বা ফাউন্ডেশনের অন্য কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.

**বিধি প্রণয়নের ক্ষমতা**

**১৬।** এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

**প্রবিধান প্রণয়নের ক্ষমতা**

**১৭।** এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ফাউন্ডেশন, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা কোন বিধির সহিত অসমঞ্জস না হয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

**Bangladesh Folk Arts and Crafts Foundation এর বিলোপ, ইত্যাদি**

**১৮।** (১) ফাউন্ডেশন স্থাপনের সংগে সংগে তদানীন্তন Cultural Affairs and Sports Division এর ১২ই মার্চ, ১৯৭৫ তারিখের Resolution No. F. 7-2/75-Cul. অতঃপর উক্ত রেজিলিউশন বলিয়া উল্লেখিত, বাতিল হইয়া যাইবে।

(২) উক্ত রেজিলিউশন বাতিল হইবার সঙ্গে সঙ্গে-

(ক) উক্ত রেজিলিউশনের অধীনে গঠিত Bangladesh Folk Arts and Crafts Foundation, অতঃপর উক্ত সংস্থা বলিয়া উল্লেখিত, বিলুপ্ত হইবে;

(খ) উক্ত সংস্থার সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবি ও অধিকার ফাউন্ডেশনে হস্তান্তরিত হইবে এবং ফাউন্ডেশন উহার অধিকারী হইবে;

(গ) বিলুপ্ত হইবার অব্যবহিত পূর্বে উক্ত সংস্থার যে সকল ঋণ, দায় এবং দায়িত্ব ছিল তাহা ফাউন্ডেশনের ঋণ, দায় এবং দায়িত্ব হইবে;

(ঘ) বিলুপ্ত হইবার পূর্বে উক্ত সংস্থা কর্তৃক অথবা উহার বিরুদ্ধে দায়েরকৃত যে সকল মামলা মোকদ্দমা চালু ছিল, সেই সকল মামলা মোকদ্দমা ফাউন্ডেশন কর্তৃক অথবা ফাউন্ডেশনের বিরুদ্ধে দায়েরকৃত বলিয়া গণ্য হইবে;

(ঙ) উক্ত সংস্থার সকল কর্মকর্তা ও কর্মচারী ফাউন্ডেশনে বদলী হইবেন এবং তাঁহারা ফাউন্ডেশন কর্তৃক নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং এইরূপ বদলীর পূর্বে তাহারা যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন, ফাউন্ডেশন কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে তাঁহারা ফাউন্ডেশনের চাকুরীতে নিয়োজিত থাকিবেন।

---

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.